



EMBASSY OF  
THE PEOPLE'S REPUBLIC OF  
BANGLADESH  
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)  
SE-171 54 SOLNA, SWEDEN  
TEL: +46 8 730 58 50 -52  
FAX: +46 8 730 58 70

বাংলাদেশ দুতাবাস  
স্টকহোম

নং- BE.Se/Cons-1/General/19

তারিখঃ ২০ জুন ২০১৯

বাংলাদেশ দুতাবাস, স্টকহোম এর কনসুলার সেবার মান আরও দ্রুত, উন্নত ও সহজলভ্য করার লক্ষ্যে বাংলাদেশ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর রি-ইস্যুর ক্ষেত্রে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

১। বাংলাদেশ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর রি-ইস্যু সেবাটি এখন থেকে পোস্টাল সার্ভিসের মাধ্যমেও দেওয়া হবে। নতুন পাসপোর্ট-এ ছবি ও স্বাক্ষর পরিবর্তন করতে না চাইলে, আবেদনকারীকে এক পৃষ্ঠার রি-ইস্যু ফরম পুরণ করে তার বর্তমান পাসপোর্টের ১ম দুই ও শেষ দুই পাতার ফটোকপি ও উক্ত সেবার জন্য নির্ধারিত অর্থ পরিশোধের রশিদ এবং রেসিডেন্স কার্ড অথবা আইডি কার্ডের ফটোকপি দুতাবাসের ঠিকানায় পাঠাতে হবে।

২। আবেদনকৃত পাসপোর্ট রি-ইস্যু সম্পন্ন হলে দুতাবাসের ওয়েবসাইটে উক্ত তথ্য প্রকাশ করা হয়। রি-ইস্যুকৃত পাসপোর্ট সংগ্রহের জন্য আবেদনকারীকে তার নাম ও ঠিকানা একটি খামে স্পষ্টভাবে উল্লেখ করে পুরাতন পাসপোর্ট ও দুতাবাসের ব্যাংক একাউন্টে পরিশোধকৃত ফিরতি পোস্টাল ফি'র রশিদ প্রেরণ করতে হবে।

৩। তবে কোন আবেদনকারী যদি তার ছবি পরিবর্তন করতে চান তাহলে তাকে দুতাবাসে এসে ছবি তুলতে হবে এবং বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্টও দিতে হবে।

৪। প্রথমবারের মত (পূর্বে হাতে লেখা পাসপোর্ট ছিলো এমন ক্ষেত্রে) বাংলাদেশ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর ইস্যুর ক্ষেত্রে ৫ বছরের অধিক বয়সী সকলকে দুতাবাসে এসে ছবি ও বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট দিতে হবে।

*R.ledes*  
20.06.2019  
(মোঃ মোরশেদুর রহমান তালুকদার)  
দ্বিতীয় সচিব ও দুতালয় প্রধান